

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৬৮

১৫/ <u>রক্ত</u>পণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৫/২৫.তরবারির আঘাতে মৃত্যুদন্ড কার্যকর করতে হবে

بَاب لَا قَوَدَ إِلَّا بِالسَّيْفِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُسْتَمِرِّ، حَدَّثَنَا الْحُرُّ بْنُ مَالِكِ الْعَنْبَرِيُّ، حَدَّثَنَا مُبَارَكُ بْنُ فَضَالَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ قَوَدَ إِلاَّ بِالسَّيْفِ".

বাংলা

২/২৬৬৮। আবূ বকরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তরবারির আঘাতেই মৃত্যুদন্ড কার্যকর করতে হবে।

English

It was narrated from Abu Bakrah that the Messenger of Allah (ﷺ) said: "There is no retaliation except with the sword."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ২২২৯।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী মুবারাক বিন ফাদালাহ সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তার হাদিসে কোন সমস্যা নেই। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আবু দাউদ আস-সাজিসতানী ও আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক তাদলীস করেন। ইবরাহীম বিন ইয়াকুব বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। আবদুর রহমান বিন মাহদী তাকে বর্জন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭৬৬, ২৭/১৮০ নং পৃষ্ঠা)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন